Ed. Adv.

দৈনিক বাংলা

তারিখ ... 17 OCT 1986 ... পৃষ্ঠা ... 3 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

046

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদফতর শিক্ষা মন্ত্রণালয়,
গণভবন কমপ্লেক্স, শেরে-বাংলানগর, ঢাকা-৭।

## বিজ্ঞপ্তি

17 OCT 1986

বিষয় : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ১৯৮৫-৮৬ সনের হিসাব নিরীক্ষার জন্য অডিট ফার্ম/অডিটর নিয়োগ।

দেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন সকল পর্যায়ের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ১৯৮৫-৮৬ অর্থ বৎসরের হিসাব নিরীক্ষার জন্য তালিকাভুক্তির লক্ষ্যে বাংলাদেশের রেজিস্টার্ড সিএ ফার্ম ও সিএ ইন্টারমিডিয়েট সনদপ্রাপ্ত অডিটরদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রকাশ থাকে যে, অডিটর হিসাবে নিয়োগ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন করিয়া দরখাস্ত করিতে হইবে।

১। কেবলমাত্র রেজিস্টার্ড সিএ ফার্ম এবং সিএ ইন্টারমিডিয়েট সনদপ্রাপ্ত অডিটরগণ এই কাজে আবেদন করিতে পারিবেন। সিএ ফার্মগুলি নিজ ফার্মের ২ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আর্টিকল্ড ছাত্রদের অডিট কাজে নিয়োজিত করিতে পারিবেন। ২ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আর্টিকল্ড ছাত্র না থাকিলে তাহাদের নিজ তত্ত্বাবধানে অডিট কাজ সম্পন্ন করিবেন। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে অডিট কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে। বর্তমানে যাঁহারা বিভিন্ন সরকারী/বেসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় পূর্ণকালীন অথবা খন্ড কালীন চাকুরিরত আছেন, তাঁহাদের আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

২। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদফতর, শিক্ষা মন্ত্রণালয়ের সোনালী ব্যাংক গণভবন শাখার ১২১৬ নং সঞ্চয়ী হিসাব নম্বরের অনুকূলে ৫০/- টাকার (কথায় : পঞ্চাশ) পে-অর্ডার-এর বিনিময়ে অত্র পরিদফতর হইতে সংগ্রহযোগ্য শিডিউল অনুযায়ী আবেদন পেশ করিতে হইবে।

৩। অডিট ফার্ম/অডিটরের নিয়োগ উপজেলা/থানাভিত্তিক হইবে। অত্র পরিদফতরের শিডিউলে নির্দেশিত নীতিমালা এবং অত্র পরিদফতর হইতে ছাপানো নিয়োগপত্রের শর্তাবলী অনুসরণ পূর্বক অডিটরকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হইয়া অডিট কার্য সম্পন্ন করিতে হইবে।

৪। আবেদন পত্রে প্রদত্ত কোন বিবরণী অথবা তথ্য পরবর্তী সময়ে ভুয়া বলিয়া প্রমাণিত হইলে, আবেদন/মনোনয়ন/নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে। ইত্যবসরে কোন অডিট ফিস গৃহীত হইলে তাহা ফেরতযোগ্য হইবে।

৫। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে সকল অথবা যে কোন আবেদন পত্র প্রত্যাখ্যান করিবার ক্ষমতা অত্র পরিদফতর সংরক্ষণ করে।

৬। আগামী ২৫-১০-৮৬ ইং তারিখ হইতে অত্র পরিদফতরে আবেদনের জন্য শিডিউল পাওয়া যাইবে। ১৬-১১-৮৬ ইং তারিখের মধ্যে আবেদন পত্র পরিদফতরে পৌঁছাইতে হইবে। ডাকযোগে শিডিউল পাইতে হলে ৫০/- টাকার পূর্বোক্ত পে-অর্ডার এবং ১০/- টাকার ডাকটিকিট সংবলিত স্বীয় ঠিকানাযুক্ত ৯"×১১" খাম প্রেরণ করিতে হইবে।

৭। কোন অডিটরের ১৯৮৩-৮৪ ও ৮৪-৮৫ সালের অডিটকৃত সম্পূর্ণ অডিট রিপোর্ট জমা না দেওয়া পর্যন্ত তাহাকে আবেদন পত্রের ফরম বিতরণ করা হইবে না।

**প্রতিষ্ঠান প্রধানদের জ্ঞাতব্য :**

১। অত্র পরিদফতর কর্তৃক নিয়োজিত অডিটর ব্যতিরেকে অন্য কোন অডিটর দ্বারা প্রতিষ্ঠানের হিসাবপত্র অডিট করানো হইলে তাহা সরকারের নিকট গ্রহণযোগ্য হইবে না।

২। অডিটরদের মুদ্রিত নিয়োগপত্রের অনুলিপি অত্র পরিদফতর কর্তৃক যথাসময়ে প্রতিষ্ঠানসমূহে পাঠানো হইবে।

৩। নিয়োগ পত্রের শর্ত লংঘন করিয়া কোনমতেই অডিটরদের অগ্রিম ফিস প্রদান করা যাইবে না।

কর্নেল (অবঃ) জিয়াউদ্দিন আহমদ,
পরিচালক,
পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদফতর,
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

ডিএফপি(স)—১৬৯১০(১)১৪/১০

জি—৩০৩৩